

পরিশিষ্ট-ক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Directorate)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত ৩(তিন) অর্থবছরে মোট ৮,৮৭১ টি সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও মাদরাসায় পরিদর্শন, নিরীক্ষা ও তদন্ত কার্যক্রম পরিচালনা করা হয়েছে। পরিদর্শিত এসব শিক্ষা প্রতিষ্ঠানের বিগত বর্গিত ৩ অর্থ বছরে মোট ৫৫২৬ টি শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন/তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে উক্ত ৩ অর্থ বছরে মোট ৬৪,২৭,০৭,৪০৬/- (চৌষট্টি কোটি সাতাশ লক্ষ সাত হাজার চারশত ছয়) টাকার আর্থিক অনিয়ম চিহ্নিত করে এ অর্থ সরকারি কোষাগারে ফেরতের সুপারিশ করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :

অত্র অধিদপ্তর প্রতিষ্ঠা লগ্নে ১৯৮০ সালে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল প্রায় ৭,৫০০ টি। বর্তমানে কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউটসহ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা প্রায় ৩৫,০০০ টি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা চারগুণ বৃদ্ধি পেলেও এ অধিদপ্তরের জনবল বৃদ্ধি না পাওয়ায় সকল শিক্ষা বার্ষিক পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমের আওতায় আনা সম্ভব হচ্ছেনা। এজন্য একটি জনবল কাঠামো প্রণয়ন করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা বর্তমানে প্রক্রিয়াধীন আছে। এছাড়া এ অধিদপ্তরের নিজস্ব অফিস ভবন না থাকায় কাজের গতিশীলতার ক্ষেত্রে এটিও একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা :

আগামী ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে যথাক্রমে ৩,২০০ টি, ৩,৩০০ টি ও ৩,৪০০ টিসহ মোট ৯,৯০০ টি সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও মাদরাসা পরিদর্শন, নিরীক্ষা ও তদন্ত কার্যক্রম পরিচালনা করা হবে। পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমে সুষ্ঠু দিক নির্দেশনার ফলে শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক ও আর্থিক অনিয়ম শূন্যের কোটায় আনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ২০১৮-২০১৯ অর্থবছরে মোট ৩,১০০ টি সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা/তদন্ত কার্যক্রম পরিচালনা করা।
- পরিদর্শন/তদন্তের মাধ্যমে বিধি বহির্ভূত/অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরতের সুপারিশ করা।
- পরিদর্শন/তদন্তের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীদের আর্থিক ও প্রশাসনিক বিষয়ে সচেতন করে তোলা।
- পরিদর্শন/তদন্তের মাধ্যমে জাল/ভুয়া সনদধারী শিক্ষক নিয়োগ হাস করা ও এর মাধ্যমে সরকারি অর্থের অপচয় রোধ করা।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

এবং

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

আমি পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী শিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

.....
পরিচালক
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর

.....
তারিখ

মোহাম্মদ

২৮.০৩.২০১৮

.....
সচিব
শিক্ষা মন্ত্রণালয়

২৮.০৬.২০১৮

.....
তারিখ